**Times Today BD**

নূর আলম | ময়মনসিংহ | 07 May, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলার রংছাতি ইউনিয়নের দ্বীপপুর গ্রামে সদ্য নির্মিত একটি সেতু দিয়ে এখনো যানবাহন চলাচল শুরু হয়নি। এর আগেই ধসে পড়তে শুরু করেছে দুই পাশের সংযোগ সড়ক। এতে এলাকাবাসীর মধ্যে চরম হতাশা ও ক্ষোভ বিরাজ করছে।

স্থানীয়দের অভিযোগ, নির্মাণ কাজে ত্রুটি থাকায় এমন অবস্থার সৃষ্টি হয়েছে। লক্ষাধিক টাকা ব্যয়ে নির্মিত এই অবকাঠামো জনসেবার আগেই কার্যকারিতা হারাতে বসেছে।

জানা গেছে, ‘চিকনটুপ গারামপাড়া থেকে দ্বীপপুর গ্রাম’ পর্যন্ত খালের ওপর নির্মিত নয় দশমিক ৭৫ মিটার দীর্ঘ বক্স কালভার্টটির উভয় পাশে মাটি সরে গিয়ে বড় গর্তের সৃষ্টি হয়েছে। বৃষ্টির পানিতে ভেতরের মাটি সরে গিয়ে এমন বিপর্যয় ঘটে। ফলে সাধারণ মানুষ কষ্ট করে হেঁটে চলাচল করলেও সেতুটি এখন যান চলাচলের অযোগ্য হয়ে পড়েছে।

প্রায় ৩৬ লাখ ৫৫ হাজার ১৮ টাকা ব্যয়ে নির্মিত এ সেতু বাস্তবায়ন করেছে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।নির্মাণ কাজ করেছে মদনের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মীম কনস্ট্রাকশন।

স্থানীয় বাসিন্দা পিটারসন কুবি পিটার বলেন, “অনেক আশায় এই সেতু হয়েছে। কিন্তু কাজ শেষ হওয়ার আগেই মাটি ধসে পড়ছে, এতে আমাদের ভোগান্তি বেড়েছে।”

এ বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. মমিনুল ইসলাম বলেন, “বিষয়টি অবগত হয়েছি।দ্রুত মেরামতের ব্যবস্থা নেওয়া হবে।”

উপ-সহকারী প্রকৌশলী মাহমুদুল হক বলেন, “নির্মাণ কাজ এখনো পুরোপুরি শেষ হয়নি। সংযোগ সড়কের কিছু অংশ ধসে পড়েছে, তবে এটি সাময়িক। দ্রুত সংস্কার করা হবে।”

রংছাতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনিছুর রহমান পাঠান বলেন, “এই সেতু এলাকাবাসীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে, দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য বলা হয়েছে।”

স্থানীয়রা বলছেন, যথাযথ পরিকল্পনা ও তদারকির অভাবে এমন প্রকল্প শুধু সরকারি অর্থ অপচয়ই নয়, জনগণের ভোগান্তির কারণ হয়ে দাঁড়ায়।

জনভোগান্তি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:03

URL: https://www.timestodaybd.com/mymensingh/2113754333